লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours/Programme 4th Semester Examination, 2023

## BNGHGEC04T/BNGGCOR04T-BENGALI (GE4/DSC4)

## বাংলা শিশু কিশোর সাহিত্য

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×৪ = ৪০

**একক-১**

(ক) বাংলা শিশুসাহিত্যে যোগীন্দ্রনাথ সরকারের অবদান আলোচনা করো। ১০

**অথবা**

(খ) বাংলা শিশুসাহিত্যে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর কৃতিত্ব বিচার করো। ১০

**একক-২**

(গ) 'সবলের উপর দুর্বলের জয়' – 'টুনটুনির বই'-তে কীভাবে দেখানো হয়েছে আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'বোকা জোলা আর শিয়ালের কথা' গল্পে শিয়ালের চাতুর্য ও বুদ্ধিমত্তার যে পরিচয় প্রকাশ পেয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

**একক-৩**

(ঙ) গোহের জন্মবৃত্তান্ত আলোচনা করে তাঁর ভীলদের প্রিয় রাজা হয়ে ওঠার কাহিনি সংক্ষেপে লেখো। ১০

**অথবা**

(চ) 'বাদশা চিতোরে এসে প্রথমেই শুনলেন — পদ্মিনী আর নেই — চিতার আগুনে সুন্দর ফুল ছাই হয়েছে' — 'রাজকাহিনী' গ্রন্থের 'পদ্মিনী' আখ্যান অবলম্বনে বক্তব্যটি বুঝিয়ে দাও। ১০

**একক-৪**

(ছ) 'পদীপিসির বর্মিবাক্স' গল্পে যে হাস্যরসের উপাদান নিহিত আছে তার পরিচয় দাও। ১০

**অথবা**

(জ) 'পদীপিসির বর্মিবাক্স' গল্পে লীলা মজুমদারের কাহিনি বয়নের নৈপুণ্য বিচার করো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ　　৫×২ = ১০

(ক) 'ঠাকুরমার ঝুলি' সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

(খ) আলাউদ্দিনের চরিত্র বিশ্লেষণ করো। ৫

(গ) 'রাজার ঘরে যে ধন আছে আমার ঘরে সে ধন আছে' — প্রসঙ্গটি বিশ্লেষণ করো। ৫

(ঘ) পাঁচুমামার চরিত্র আলোচনা করো। ৫

——×——

লক্ষ্যং বিদ্যমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2023

## BNGACOR08T-BENGALI (CC8)

## বাংলা কাব্য ও কবিতা

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

### একক-১

(ক) ‘মেঘনাদবধ’ কাব্যের নায়ক কে ? এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত ব্যক্ত করো। ১+৯

অথবা

(খ) ‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

### একক-২

(গ) রবীন্দ্রনাথের ‘মানসী’ কাব্যের ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের নবভাষ্য। — আলোচনা করো। ১০

অথবা

(ঘ) ‘ভারততীর্থ’ কবিতায় রবীন্দ্রনাথের দেশভাবনার যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছে তা’ বিশ্লেষণ করো। ১০

### একক-৩

(ঙ) ‘আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে’ — কোন্ কবিতার অংশ ? কবির ফিরে আসার আকাঙ্ক্ষা এই কবিতায় কীভাবে কাব্যরূপ লাভ করেছে তার পরিচয় দাও। ১+৯

অথবা

(চ) ‘এই পথে আলো জ্বেলে এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে.....’ — গভীর আশাবাদ এবং জন্মান্তরবাদ কীভাবে অন্তহীন অন্বেষণের পথে ক্রমমুক্তি ঘটাবে, ‘সুচেতনা’ কবিতাটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

### একক-৪

(ছ) ‘যযাতি’ কবিতায় পুরাণ প্রসঙ্গকে কবি সুধীন্দ্রনাথ দত্ত কীভাবে আধুনিক যুগের তাৎপর্যে অন্বিত করে তুলেছেন তা’ বুঝিয়ে দাও। ১০

অথবা

(জ) ‘যেতে পারি কিন্তু কেন যাব ?’ কবিতাটির মূলভাব বিশ্লেষণ করে কবিতাটিতে বিষণ্ণ আবহের ঊর্ধ্বে যে আশাবাদ ধ্বনিত হয়েছে তার পরিচয় দাও। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে ?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে ?’ ১+১+১+২

— বক্তা কে ? কাকে ‘তাত’ বলে সম্বোধন করা হয়েছে ? ‘তস্কর’ শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করো।

(খ) “হে উদাসীন পৃথিবী,
আমাকে সম্পূর্ণ ভোলবার আগে
তোমার নির্মল পদপ্রান্তে,
আজ রেখে যাই আমার প্রণতি।” ১+৪

— কোন্ কবিতার অংশ ? পংক্তিগুলির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘সোনার সিঁড়ির মতো ধানে আর ধানে
তোমারে খুঁজেছি আমি নির্জন পেঁচার মতো প্রাণে।’ ১+৪

— কোন্ কবিতার অংশ ? উদ্ধৃতিটির মর্মার্থ ব্যাখ্যা করো।

(ঘ) ‘আমার জন্মের মধ্যে রয়ে গেছে তরুর ইশারা’ — কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবি কে ? উদ্ধৃতিটির অন্তর্নিহিত তাৎপর্য নির্ণয় করো। ১+১+৩

——×——

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2023

## BNGACOR09T-BENGALI (CC9)

## রবীন্দ্র সাহিত্য

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘ঘরে বাইরে’ উপন্যাসে শ্রেয় এবং প্রেয়’র দ্বন্দ্ব বিমলা চরিত্রের মধ্যে দিয়ে কীভাবে প্রকাশিত হয়েছে — উপন্যাস অবলম্বনে তা’ আলোচনা করো। ১০

**অথবা**

(খ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের ভাষার সুতীক্ষ্ণ শাণিত বাক্যভঙ্গিমা বিরুদ্ধ মতবাদের সংঘর্ষকে উদ্দীপ্ত করে তুলেছে। — মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০

**একক-২**

(গ) “এইজন্য শতাব্দীর পর শতাব্দী যাইতেছে কিন্তু রামায়ণ মহাভারতের স্রোত ভারতবর্ষে আর লেশমাত্র শুষ্ক হইতেছে না।” — মহাকাব্যের স্রোতে কীভাবে পরম্পরা ও ইতিহাস মিশ্রিত হয়ে গিয়েছে সংশ্লিষ্ট প্রবন্ধ অনুসরণে তা’ আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) “মনে পড়িতেছে, কোনো ইংরেজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রুলবণাক্ত সমুদ্র।” — ‘ইংরেজ কবি’-র নাম লেখো। উদ্ধৃতিটির নিহিতার্থ বিশ্লেষণ করো। ২+৮

**একক-৩**

(ঙ) “ছাদের রাজ্যে নতুন হাওয়া বইল, নামল নতুন ঋতু।” — রবীন্দ্রনাথের ‘ছেলেবেলা’ গ্রন্থটি অবলম্বনে ‘নামল নতুন ঋতু’-এর ব্যঞ্জনা পরিস্ফুট করো। ১০

**অথবা**

(চ) “সেই সময়টুকুর বিবরণ যে ভাষায় গেঁথেছি সে স্বভাবতই হয়েছে সহজ, যথাসম্ভব ছেলেদেরই ভাবনার উপযুক্ত।” — ‘বালভাষিত গদ্যে’ রচিত সেই সহজ বিবরণ কীভাবে সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদ হয়ে উঠেছে তা’ আলোচনা করো। ১০

একক-৪

(ছ) "বিজ্ঞান শিক্ষায় পুঁথির পড়ার সঙ্গে চোখের দেখার যোগ থাকা চাই, নইলে সে শিক্ষার বারো-আনা ফাঁকি হয়।" — 'রাশিয়ার চিঠি'-র দশ সংখ্যক পত্র অনুসরণে রবীন্দ্রনাথের এই উপলব্ধির স্বরূপ বিশ্লেষণ করো। ১০

অথবা

(জ) রাশিয়ার কৃষি ব্যবস্থা রবীন্দ্রনাথকে কেন অভিভূত করেছিল, 'রাশিয়ার চিঠি' অনুসরণে তার পরিচয় দাও। ১০

২। যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) 'স্ত্রী! ওটা কি একটা যুক্তি! ওটা কি একটা সত্য! ঐ কথাটার মধ্যে একটা আস্ত মানুষকে আগাগোড়া পুরে ফেলে কি তালা বন্ধ করে রাখা যায় ?' ২+৩

— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "প্রেমের উচ্ছ্বসিত-অমৃত-পান তাহার সম্মুখেই চলিতেছে। ঘ্রাণেও কি কোনো দিনের জন্য তাহার কোনো-একটা শিরার রক্ত চঞ্চল হইয়া উঠে নাই!" ১+৪

— কার সম্পর্কে এই মন্তব্য ? মন্তব্যটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো।

(গ) 'শিকড়সুদ্ধ আমাকে উপড়ে নিয়ে আসা হল এক খেত থেকে আর-এক খেতে। নতুন আবহাওয়ার সঙ্গে বোঝাপড়া শুরু হল।' ২+৩

— প্রসঙ্গ উল্লেখসহ ব্যাখ্যা করো।

(ঘ) 'কিন্তু শুধু যন্ত্রে কোনো কাজ হয় না, যন্ত্রী যদি মানুষ না হয়ে ওঠে।' ৫

— প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

——×——

लक्ष्यं विद्यमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2023

## BNGACOR10T-BENGALI (CC10)

## সাহিত্যের রূপরীতি ও ভারতীয় সাহিত্যতত্ত্ব

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) গীতিকাব্য কাকে বলে ? গীতিকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে একটি সার্থক গীতিকাব্যের পরিচয় দাও। ২+৪+৪

**অথবা**

(খ) একাঙ্ক নাটক বলতে কী বোঝায় ? বাংলা সাহিত্যের যে-কোনো একটি উল্লেখযোগ্য একাঙ্ক নাটকের পরিচয় দাও। ৬+৪

**একক-২**

(গ) ব্যক্তিগত ডায়েরি কীভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে ? একটি সাহিত্য-পদবাচ্য ডায়েরির বিষয় ও রীতি বিশ্লেষণ করো। ৫+৫

**অথবা**

(ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক মনস্তাত্ত্বিক উপন্যাসের পরিচয় দাও। ৫+৫

**একক-৩**

(ঙ) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — এই অভিমত কতদূর সঙ্গত এ-বিষয়ে তোমার অভিমত দাও। ১০

**অথবা**

(চ) 'কাব্যনির্মাণ কৌশলের তিন ভাগ।' — ভাগগুলি কী কী ? প্রসঙ্গত ভাগগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করে কীভাবে রসনিষ্পত্তি হয়, ব্যাখ্যা করো। ২+৮

একক-৪

(ছ) ''জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপর বিশ্বমনের কারখানা – সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি'' — মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

(জ) ''সাহিত্যই মানবহৃদয়ে সেই ধ্রুব অসীমের বিকাশ'' — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো *একটি*)

গদ্যকাব্য, নৃত্যনাট্য।

(খ) টীকা লেখোঃ (যে-কোনো *একটি*)

পত্রসাহিত্য, সামাজিক উপন্যাস।

(গ) 'রীতিরাত্মা কাব্যস্য' — আলোচনা করো।

(ঘ) ''রচনার মধ্যেই লেখক যথার্থরূপে বাঁচিয়া থাকে; ভাবের মধ্যে নহে, বিষয়ের মধ্যে নহে।'' — আলোচনা করো।

——×——

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A./B.Com. Programme 4th Semester Examination, 2023

## BNGLCOR02T-BENGALI (MIL)

## বিশ শতক: নাটক ও কথাসাহিত্য

B.A. PROGRAMME ONLY FOR MALE & B.COM. PROGRAMME MALE & FEMALE

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের (প্রতিটি অনধিক ৩০০ শব্দ) উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) রূপক-সাংকেতিক রচনায় রবীন্দ্রনাথের কৃতিত্ব বিচার করো। ১০

**অথবা**

(খ) বাংলা নাট্যসাহিত্যে শম্ভু মিত্রের অবদান আলোচনা করো। ১০

**একক-২**

(গ) 'নূরজাহান' নাটকে অপ্রধান চরিত্র হিসেবে লায়লা-এর গুরুত্ব বিচার করো। ১০

**অথবা**

(ঘ) ট্র্যাজেডি হিসেবে 'নূরজাহান' নাটকের সার্থকতা বিচার করো। ১০

**একক-৩**

(ঙ) বাংলা ছোটগল্প রচনায় আশাপূর্ণা দেবীর কৃতিত্বের পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) বাংলা উপন্যাস রচনায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের নৈপুণ্য বিচার করো। ১০

**একক-৪**

(ছ) 'কবি' উপন্যাসে ঝুমুর দল ও কবিয়াল সম্প্রদায়ের জীবনচর্যার যে ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ১০

**অথবা**

(জ) 'স্ত্রীর পত্র' গল্পে মৃণালের কণ্ঠে যে প্রতিবাদ ধ্বনিত হয়েছে – তার পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৫

কৃষ্ণকুমারী, সাজাহান, বাকি ইতিহাস।

(খ) 'নূরজাহান' নাটকে জনতা চরিত্রের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

(গ) টীকা লেখোঃ ৫

জাগরী।

(ঘ) নিতাই কবিয়ালের জীবনে বসনের প্রভাব। ৫

——×——